গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
জেলা ম্যাজিস্ট্রেসি পরিবীক্ষণ শাখা
www.cabinet.gov.bd

১৮ কার্তিক ১৪৩৩

নম্বর-০৪.০০.০০০০.০০০.৫২২.১১.০০০৩.২৬.৫৭

তারিখ: ----------
৩ নভেম্বর ২০২৬

পরিপত্র

বিষয়: মোবাইল কোর্ট সম্পর্কিত কার্যক্রম পর্যালোচনা, পরিবীক্ষণ ও সমন্বয় কমিটি গঠন।

মোবাইল কোর্টের কার্যকারিতা অধিকতর বৃদ্ধিকল্পে এতদসংক্রান্ত কার্যক্রম পর্যালোচনা, পরিবীক্ষণ ও সমন্বয়ের জন্য সরকার নিম্নরূপভাবে কমিটি গঠন করলো:

১.	অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ	সভাপতি
২.	যুগ্মসচিব, জেলা ম্যাজিস্ট্রেসি অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ	সদস্য
৩.	বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত একজন অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সকল বিভাগ)	সদস্য
৪.	জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা	সদস্য
৫.	জনপ্রশাসন মন্ত্রণালয়ের অন্যূন উপসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা	সদস্য
৬.	স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অন্যূন উপসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা	সদস্য
৭.	অর্থ বিভাগের অন্যূন উপসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা	সদস্য
৮.	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অন্যূন উপসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা	সদস্য
৯.	মোবাইল কোর্ট আইনের তফসিলভুক্ত আইন-সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক মনোনীত অন্যূন উপসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা (সংযুক্ত তালিকামতে)	সদস্য
১০.	ঢাকা উওর সিটি কর্পোরেশন এর প্রতিনিধি (মেয়র/প্রশাসক কর্তৃক মনোনীত)	সদস্য
১১.	ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর প্রতিনিধি (মেয়র/প্রশাসক কর্তৃক মনোনীত)	সদস্য
১২.	রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের একজন প্রতিনিধি (চেয়ারম্যান কর্তৃক মনোনীত)	সদস্য
১৩.	ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রতিনিধি (মহাপরিচালক কর্তৃক মনোনীত)	সদস্য
১৪.	নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের প্রতিনিধি (চেয়ারম্যান কর্তৃক মনোনীত)	সদস্য
১৫.	বিএসটিআই এর প্রতিনিধি (মহাপরিচালক কর্তৃক মনোনীত)	সদস্য
১৬.	পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি (মহাপরিচালক কর্তৃক মনোনীত)	সদস্য
১৭.	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রতিনিধি (মহাপরিচালক কর্তৃক মনোনীত)	সদস্য
১৮.	বিআরটিএ এর প্রতিনিধি (চেয়ারম্যান কর্তৃক মনোনীত)	সদস্য
১৯.	উপসচিব/সিনিয়র সহকারী সচিব, জেলা ম্যাজিস্ট্রেসি পরিবীক্ষণ শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ	সদস্য-সচিব

কমিটি প্রয়োজনবোধে কোনো কর্মকর্তাকে কো-অপ্ট করতে অথবা সভায় আমন্ত্রণ জানাতে পারবে।

২। **কমিটির কার্যপরিধি:-**

(ক) মোবাইল কোর্টের কার্যকারিতা অধিকতর বৃদ্ধিকল্পে জেলা প্রশাসন এবং দপ্তর-সংস্থা কর্তৃক পরিচালিত মোবাইল কোর্টের ত্রৈমাসিক কার্যক্রম পর্যালোচনা/পরিবীক্ষণ;

(খ) মোবাইল কোর্ট আইনের তফসিলভুক্ত সকল আইনে অভিযান পরিচালনা নিশ্চিতকরণ;

(গ) মোবাইল কোর্ট সংক্রান্ত কার্যক্রমসমূহ সুষ্ঠুভাবে সম্পাদনে প্রয়োজনীয় সহায়তাপ্রাপ্তি নিশ্চিতকরণ, আন্ত: বিভাগীয় সমন্বয় সাধন, চ্যালেঞ্জ/সমস্যা (যদি থাকে) চিহ্নিতকরণ এবং সমাধানের লক্ষ্যে সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন;

(ঘ) মোবাইল কোর্টের কার্যকারিতা অধিকতর বৃদ্ধিকল্পে কমিটি কর্তৃক নির্ধারিত অন্য কোনো বিষয়।

৩। কমিটি প্রতি তিন মাসে একবার সভায় মিলিত হবে। সভাপতি প্রয়োজনবোধে বিশেষ সভা আহ্বান করতে পারবেন। মন্ত্রিপরিষদ বিভাগের জেলা ম্যাজিস্ট্রেসি পরিবীক্ষণ শাখা কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৪। সভা আয়োজনের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহ ও জেলা প্রশাসকের কার্যালয় নিম্নোক্ত ছকে প্রতি তিন মাসের তথ্য (জানুয়ারি - মার্চ, এপ্রিল -জুন, জুলাই- সেপ্টেম্বর, অক্টোবর- ডিসেম্বর) পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে সরাসরি জেলা ম্যাজিস্ট্রেসি পরিবীক্ষণ শাখায় প্রেরণ করবে:-

মন্ত্রণালয়/বিভাগ/জেলা: ————————
বিবেচ্য সময়কাল: ————————

ক্রমিক	দপ্তর/সংস্থার নাম	পরিচালিত মোবাইল কোর্টের সংখ্যা	জরিমানার পরিমাণ (টাকা)	কারাদণ্ডপ্রাপ্ত ব্যক্তির সংখ্যা (জন)	শুধুমাত্র জরিমানা দণ্ডপ্রাপ্ত ব্যক্তির সংখ্যা (জন)	তফসিলভুক্ত যে সকল আইনে অভিযান পরিচালনা করা হয়েছে তার নাম ও পরিচালিত মোবাইল কোর্টের সংখ্যা	মন্তব্য/সুপারিশ (যদি থাকে)
১	২	৩	৪	৫	৬	৭	৮

৫। এই পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
০৩/১১/২০২৬
নাসিমুল গনি
মন্ত্রিপরিষদ সচিব

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

৪. সিনিয়র সচিব/সচিব ----------মন্ত্রণালয়/বিভাগ (সংশ্লিষ্ট);

৫. মেয়র/প্রশাসক, ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন;

৬. চেয়ারম্যান/মহাপরিচালক, ----------(সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা);

৭. সকল কর্মকর্তা, জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ;

৮. বিভাগীয় কমিশনার (সকল);

৯. জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট (সকল),

১০. পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (পরিপত্রটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ);

১১. মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);

১২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মন্ত্রিপরিষদ বিভাগ (পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);

১৩. অফিস কপি।

০৩/১১/২০২৬

নাজমা সিদ্দিকা বেগম
উপসচিব
জেলা ম্যাজিস্ট্রেসি পরিবীক্ষণ শাখা

মোবাইল কোর্ট আইনের তফসিল সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগের নাম
১	মন্ত্রিপরিষদ বিভাগ
২	জনপ্রশাসন মন্ত্রণালয়
৩	স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪	আইন ও বিচার বিভাগ
৫	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৬	বিদ্যুৎ বিভাগ
৭	স্থানীয় সরকার বিভাগ
৮	রেলপথ মন্ত্রণালয়
৯	নৌপরিবহন মন্ত্রণালয়
১০	তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
১১	স্বাস্থ্য সেবা বিভাগ
১২	স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
১৩	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
১৪	প্রতিরক্ষা মন্ত্রণালয়
১৫	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৬	পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
১৭	নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
১৮	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
১৯	বাণিজ্য মন্ত্রণালয়
২০	খাদ্য মন্ত্রণালয়
২১	বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
২২	কৃষি মন্ত্রণালয়
২৩	ভূমি মন্ত্রণালয়

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগের নাম
২৪	নির্বাচন কমিশন সচিবালয়
২৫	পররাষ্ট্র মন্ত্রণালয়
২৬	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২৭	কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
২৮	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
২৯	শিল্প মন্ত্রণালয়
৩০	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৩১	বস্ত্র ও পাট মন্ত্রণালয়
৩২	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
৩৩	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৩৪	সমাজকল্যাণ মন্ত্রণালয়
৩৫	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
৩৬	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
৩৭	পানি সম্পদ মন্ত্রণালয়

০৩/১১/২০২৬

নাজমা সিদ্দিকা বেগম
উপসচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার